

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬৩.১৭-০৪

তারিখ :- ০২.০১.২০১৮ খ্রিঃ।

বিষয় : ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলাধীন খামার ঈদগাহ দ্বি-মুখী দাখিল মাদরাসার সহকারি মৌলভী জনাব মোঃ সানাউল্লাহ এর ০১-০৯-২০০৫ খ্রিঃ তারিখ হতে বেতন স্কেলের ১০ কোডে এমপিও ভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান প্রসংগে।

সূত্র : (১) জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও -এর স্মারক নং-৩৭.০২.৯৪০০.০০০.০২.০০১.১৭-৫৩৫, তারিখ:- ০৭.১১.২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সানাউল্লাহ সহকারি মৌলভী পদে ২৪-০৭-২০০৪ খ্রিঃ তারিখে বিষয়ে বর্ণিত মাদরাসায় যোগদান করেন। সহকারি মৌলভী পদে তিনি ০১-০৯-২০০৫ খ্রিঃ তারিখে এমপিও ভুক্ত হন। বিধি মোতাবেক তাঁর ১১ কোডে এমপিও ভুক্ত হওয়ার কথা ছিল, কিন্তু তিনি ১০কোডে এমপিও ভুক্ত হন।

০২. সহকারি মৌলভী হিসেবে এমপিও ভুক্তির (০১-০৯-২০০৫) তারিখ থেকে ০৮ বছর পূর্তিতে তাঁর ০১-০৯-২০১৩ খ্রিঃ তারিখে টাইম স্কেল হিসেবে বেতন স্কেলের ১০ কোডে বেতন উন্নীত হওয়ার কথা।


০৩. সুপার কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে জানা যায় যে, জনাব মোঃ সানাউল্লাহ ০১-০৬-২০১৭ খ্রিঃ তারিখ হতে একই মাদরাসায় সহকারি সুপার পদে যোগদান করেছেন। সহকারি মৌলভী পদে ১০ কোডে এমপিও ভুক্তির কারণে তাঁর সহকারি সুপার পদে এমপিও বাধগ্রস্ত হচ্ছে, যা বিধি সম্মত।

০৪. সহকারি মৌলভী পদে জনাব মোঃ সানাউল্লাহ এর ০১-০৯-২০০৫ খ্রিঃ তারিখ হতে ০১-০৯-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ১১ কোডে বেতন ধার্য পূর্বক টাকার পরিমাণ নির্ধারণ করতঃ ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদান করার নির্দেশনা দেয়া হলো।

০৫. জনাব মোঃ সানাউল্লাহ, সহকারি মৌলভী পদের টাইম স্কেল হিসেবে ০২-০৯-২০১৩ খ্রিঃ তারিখ থেকে ১০ কোডে বেতন ভাতাদি পাবেন।

০৬. জনাব মোঃ সানাউল্লাহ কর্তৃক ০১-০৯-২০০৫ খ্রিঃ তারিখ থেকে ০১-০৯-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অতিরিক্ত উণ্ডোলিত টাকা সরকারি কোষাগারে ফেরত প্রদান করার পর সহকারি সুপার পদে এমপিও ভুক্তির অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে তাঁকে সহ সুপার পদে এমপিও ভুক্ত করা যেতে পারে।

০৭. এমতাবস্থায় জনাব মোঃ সানাউল্লাহ সহকারি মৌলভী কর্তৃক ০১-০৯-২০০৫ খ্রিঃ তারিখ হতে ০১-০৯-২০১৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অতিরিক্ত উণ্ডোলিত টাকা সরকারি কোষাগারে ১-৭২৮১-০০০০-২৬৭১ কোডে চালানোর মাধ্যমে জমাদান পূর্বক চালানোর কপি অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২/০১/২০১৮
(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
মোবাইল : ০১৭৫১৫৬০৯৯২

১। জেলা শিক্ষা অফিসার
ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা : হরিপুর, জেলা: ঠাকুরগাঁও।
- ৪। সুপার, খামার ঈদগাহ দ্বি-মুখী দাখিল মাদরাসা, ডাকঘরঃ কামারপুকুর, উপজেলা : হরিপুর, জেলা: ঠাকুরগাঁও।
- ৫। অফিস কপি।